দৈনিক
ইত্তেফাক

31 MAR 2007
তারিখ ...
পৃষ্ঠা ১৩ কলাম ৪



গঙ্গাচড়া: খেলার ছলে লেখাপড়া করছে ক্ষুদে শিক্ষার্থীরা -ইত্তেফাক

# গঙ্গাচড়ায় চরাঞ্চলের শিশুদের জন্য ব্যতিক্রমধর্মী শিক্ষা কেন্দ্র চালু

।। কমল কান্তরায়, গঙ্গাচড়া (রংপুর) থেকে ।।

গঙ্গাচড়ায় তিস্তানদীর চরাঞ্চলে অবহেলিত শিক্ষাবঞ্চিত দরিদ্র পরিবারের শিশুদেরমানসিক বিকাশের লক্ষ্যে ব্যতিক্রমধর্মী শিক্ষা প্রতিষ্ঠান শিশু বিকাশ কেন্দ্র (এসবিকে) খোলা হয়েছে। যে বয়সে শিশুরা হেসে খেলে দৌড় ঝাপ করে সময় কাটায় ঠিক সেই বয়সে তাদের ভর্তি করা হয়েছে শিশু বিকাশ কেন্দ্রে। এ কেন্দ্রে শিশুদের জন্য নেই কোন বই পুস্তক। শিশুরা দেখে শুনে অনুসন্ধান করে প্রশ্নের মাধ্যমে ছবির মাধ্যমে গল্প করে, নির্দেশনা অনুযায়ী ও খেলতে খেলতে শিখবে। শিশুদের জন্য রয়েছে ছড়া গান গল্প এবং দলীয় কাজ। শিশুরা ইচ্ছেমত খেলবে। এজন্য রয়েছে কল্পনার কর্ণার ও ব্লক ও নাড়াচাড়ার কর্ণার। এখানে রয়েছে খেলাধুলার নানান সরঞ্জাম। কেন্দ্রে সকাল ৯টা থেকে ১১টা পর্যন্ত চলে শিক্ষা কার্যক্রম। আর এ কেন্দ্রটির পরিচালনা করার জন্য রয়েছে ৫ সদস্য বিশিষ্ট কমিটি। সার্বিক তদারকি করে বেসরকারী ব্রীফ (বাংলাদেশ রুরাল ইমপ্রুভমেন্ট ফাউণ্ডেশন)।